



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ২৭/০৫/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাফেটেরিয়া ভবনের কার্যক্রম উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নব-নির্মিত কেন্দ্রীয় ক্যাফেটেরিয়া ভবনের কার্যক্রম উদ্বোধন করা হয়েছে। অদ্য ২৭ মে ২০১৮ তারিখ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক আনুষ্ঠানিক ভাবে ক্যাফেটেরিয়া ভবনের কার্যক্রমের উদ্বোধন করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয় স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক, প্রক্টর, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, শিক্ষকমন্ডলী, পরিচালকগণ, দপ্তরপ্রধান, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীসহ বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ইইডি) কর্তৃক বাস্তবায়নাধীন অন্যান্য স্থাপনা ও ভবনগুলোর কাজ দ্রুততার সাথে শেষ করার তাগিদ দেন এবং যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের কাছে হস্তান্তরের আহ্বান জানান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চ.দা.)
জনসংযোগ অফিস